

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল
www.udd.gov.bd

তারিখ: ৯ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৪ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.০০২.৩৩.০০০৮.১৭.২৭২

বিষয়: চট্টগ্রাম ওয়াসার “চট্টগ্রাম মহানগরীর কালুরঘাট এলাকায় পয়ঃশোধনাগার নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ প্রকল্প” এর আওতায় কালুরঘাট এলাকায় ৭৪.১১ একর জমিতে সূর্য্যারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণের নিমিত্তে ভূমি অধিগ্রহণের জন্য অনাপত্তি প্রদান প্রসঙ্গে।

সূত্র: প্রত্যাশিত সংস্থার স্বাক নং: ৪৬.০৬.০০০০.৩০৪.৯৫.০৫.২০২২-৬৮; তারিখ: ১৮/০৬/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, চট্টগ্রাম ওয়াসার বাস্তবায়নধীন চট্টগ্রাম মহানগরীর কালুরঘাট এলাকায় পয়ঃশোধনাগার নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ প্রকল্প” এর আওতায় কালুরঘাট এলাকায় ৭৪.১১ একর জমিতে সূর্য্যারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণের নিমিত্তে ভূমি অধিগ্রহণে ছাড়পত্র প্রদানের জন্য আবেদন করেছে।

তদু প্রেক্ষিতে উক্ত এলাকার সরেজমিনে পরিদর্শনে দেখা যায় যে, প্রস্তাবিত স্থানটি বর্তমানে ফাকা অবস্থায় আছে। প্রস্তাবিত স্থানের উত্তর ও পূর্ব পার্শ্বদিয়ে প্রায় ৩০ ফুট প্রশস্ত আরসিসি ড়েন আছে। দক্ষিণ-পশ্চিমে ব্যক্তি মালিকানাধীন জমি। প্রস্তাবিত জমিতে কোন মসজিদ, মন্দির গীর্জা, কবরস্থান, স্কুল কলেজ, মাদ্রাসাসহ কোন ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান নাই। (পরিদর্শন প্রতিবেদন, সংযুক্তি-০১)। চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চউক) কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণে জনস্বার্থে অনাপত্তি প্রদান করা হয়েছে (সংযুক্তি-০২)।

এমতাবস্থায়, জনস্বার্থে চট্টগ্রাম ওয়াসা কর্তৃক বাস্তবায়নধীন “চট্টগ্রাম মহানগরীর কালুরঘাট এলাকায় পয়ঃশোধনাগার নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ প্রকল্প” এর আওতায় চট্টগ্রাম জেলার পাচলাইশ থানাধীন চান্দগাঁও মৌজার প্রস্তাবিত দাগে সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন এবং নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রস্তাবিত ৭৪.১১ একর জমি অধিগ্রহণে নির্দেশক্রমে নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি পত্র প্রদান করা হলো।

শর্তাবলী

(১) প্রত্যাশী সংস্থাকে ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য সকল আইন, বিধি ও নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(২) ডোমখালী খাল সংলগ্ন অংশে রাস্তার জন্য জায়গা সংরক্ষণ করতে হবে।

(৩) উক্ত এলাকার পানির প্রবাহে কোনভাবেই যেন বাধা সৃষ্টি না হয় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এছাড়া প্রস্তাবিত সাইটের অভ্যন্তরে বিদ্যমান জলাধার সংরক্ষণ করতে হবে।

(৪) চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ এর Landuse Plan বি.এস মৌজার উপরে প্রস্তুতকৃত বিধায় এই অনাপত্তি পত্রে ভূমি ব্যবহারজনিত জটিলতায় বি.এস ম্যাপই বিবেচ্য হবে।


(৫) চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ এবং পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে

উল্লেখ্য যে, এই অনাপত্তি চট্টগ্রাম ওয়াসা কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতিত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

সংযুক্তিঃ

০১. সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন

০২. চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ এর অনাপত্তি পত্র



২৪-০৭-২০২৫

আহমেদ আখতারজ্জামান

সিনিয়র প্ল্যানার

২২৩৩৮৪৯৩১

akhtar_udd@yahoo.com

মোহাম্মদ নুরুল আমিন, ফোকাল পারসন, “চট্টগ্রাম মহানগরীর কালুরঘাট এলাকায় পয়ঃশোধনাগার নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ প্রকল্প” ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (মড সার্কেল)
চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.০০২.৩৩.০০০৮.১৭.২৭২/১ (৬)

তারিখ: ৯ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৪ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (অতিরিক্ত সচিব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর।
- ২। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর।
- ৩। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর।
- ৪। সহকারী প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর।
- ৫। প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর।
- ৬। জনাব মীর হাবিবুল আলম, সার্ভে সুপারভাইজার, নগর উন্নয়ন অধিদপ্তর।



২৪-০৭-২০২৫

মোঃ সাইফুর রহমান

প্ল্যানার